

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুঞ্জলা অধিশাখা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৮.২০১৭- ১১৫

তারিখ: ০৬.০৬.২০১৯খ্রি:

বিষয়: ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালার ৭(৬) বিধি (বর্তমান সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি) মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস

যেহেতু, ডাঃ মুহাম্মদ সেলিম ভূইয়া (১২২৮৫১), সহকারী সার্জন (ইএমও), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সখিপুর, টাংগাইল গত ০৯.০৭.২০১৩ খ্রিঃ হতে ০২.০৩.২০১৮ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে এ মন্ত্রণালয়ের ১২.০৬.২০১৮ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৮.২০১৮-১৯৪ নং স্মারকমূলে ১ম কারণ-দর্শানোর নোটিস জারি করা হয়;


যেহেতু, আপনি প্রজাতন্ত্রের একজন কর্মকর্তা হিসেবে ০৯.০৭.২০১৩ হতে ০২.০৩.২০১৮ খ্রিঃ বিনানুমতিতে কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত ছিলেন বিধায় সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) উপ-বিধি অনুযায়ী কর্মস্থল ত্যাগের অপরাধ করেছেন।

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী "চাকুরি হতে বরখাস্ত" গুরুদ্বন্দ্ব আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষেণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক সরকারি "চাকুরি হতে বরখাস্ত" করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি (বর্তমান সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি) মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তি: ০৩ (৩) পাতা।



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

ডাঃ মুহাম্মদ সেলিম ভূইয়া (১২২৮৫১)
সহকারী সার্জন (ইএমও)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
সখিপুর, টাংগাইল।
(স্থায়ী ঠিকানাঃ সি/১৫৮, ব্লক-সি, ৩য় তলা, লালকুটি, মিরপুর-১, ঢাকা)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৯.২০১৭- ১১৫/১৫৬
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

তারিখ: ০৬.০৬.২০১৯খ্রি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন, টাংগাইল। (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সখিপুর, টাংগাইল।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মোঃ ছরোয়ার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮